

বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেড

উপ-আইন/গঠনতন্ত্র প্রণয়ন উপকমিটি

গঠনের তারিখ: ২২ সেপ্টেম্বর ২০১০ খ্রি: (সমিতির প্রথম সাধারণ সভায়)

ক্র/নং	কর্মকর্তার নাম	ক্যাডারের নাম	কমিটিতে পদবি
১	মোঃ শামসুদ্দীন মোল্লা [মানিক]	বিসিএস (পরিবার পরিকল্পনা)	আহ্বায়ক
২	একেএম আবুল কালাম আজাদ	বিসিএস (ইকনমিক)	সদস্য
৩	মোহাম্মদ নাজমুল আবেদীন	বিসিএস (প্রশাসন)	সদস্য
৪	মোঃ সাইফুল ইসলাম	বিসিএস (সমবায়)	সদস্য
৫	তোফায়েল আহম্মদ	বিসিএস (পুলিশ)	সদস্য-সচিব

প্রসঙ্গ কথা:

উপ-আইন/গঠনতন্ত্র প্রণয়ন উপকমিটি গতানুগতিকতার উর্ধ্বে উঠে গঠনতান্ত্রিক ধারাবাহিকতা বজায় রেখে মনোখাম, প্রচ্ছদ, উপক্রমণিকা, সূচিপত্র, প্রস্তাবনা ইত্যাদির সমাবেশ ঘটিয়ে; ভাগ, পরিচ্ছেদ, অনুচ্ছেদ, দফা, উপদফা, উপ-উপদফাতে শ্রেণি বিন্যস্ত করে ১৫ জানুয়ারি ২০১১ তারিখে অনুষ্ঠিত সমিতির দ্বিতীয় সাধারণ সভায় বৃত্ত বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের খসড়া উপ-আইন/গঠনতন্ত্র উপস্থাপন করেন।

সাধারণ সভায় উপস্থিত সমিতির সাধারণ সদস্যগণ কর্তৃক এ খসড়া উপ-আইন/গঠনতন্ত্র ব্যাপক পর্যালোচনান্তে প্রয়োজনীয় পরিবর্তন-পরিবর্ধন, সংযোজন-বিয়োজনোত্তর আনুষ্ঠানিকভাবে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
